34

# দৈনিক সংবাদ

তারিখ ...25 NOV 1994...
পৃষ্ঠা ৩ কলাম ২

শিক্ষাবিদদের অভিমত

## প্রাথমিক স্তরে দ্বিতীয় ভাষা শেখানো উচিত নয়

ঢাকায় অনুষ্ঠিত এক সভায় শিক্ষাবিদগণ প্রাথমিক স্তরে একই ধারার গণমুখী ও সর্বজনীন শিক্ষা বিস্তারে মাতৃভাষার পাশাপাশি দ্বিতীয় ভাষা শেখানো উচিত নয় বলে অভিমত ব্যক্ত করেন। গতকাল অরকিস মিলনায়তনে অনুষ্ঠিত 'প্রাথমিক স্তরে দ্বিতীয় ভাষা শেখানো উচিত কি?' শীর্ষক এক মতবিনিময় সভায় তারা এ অভিমত রাখেন। গণসাক্ষরতা অভিযান এ সভার আয়োজন করে।

অভিমত : পৃঃ ৮ কঃ ৪

## অভিমত : উচিত নয়

(১ম পৃষ্ঠার পর)

বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকীর সভাপতিত্বে এ মতবিনিময়ে অংশ নেন অভিযান পরিচালক ডঃ আবদুল্লাহ আল-মুতী শরফুদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক ডঃ রফিকুল ইসলাম, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক হায়াৎ মামুদ ও ইউসেপ-এর সাধারণ শিক্ষা কার্যক্রম ব্যবস্থাপক সাজ্জাদ হোসেন।

বক্তারা বলেন, প্রাথমিক স্তরে ভিত্তি তৈরির জন্য শুধু মাতৃভাষায় শিক্ষাদানই ভাল। দ্বিতীয় একটি ভাষা এই স্তরে কেবল বাড়তি বোঝাই সৃষ্টি করে বরং মাধ্যমিক স্তরে আরো গুরুত্বের সঙ্গে এবং কার্যকর পদ্ধতিতে ইংরেজি শেখানোর ব্যবস্থা করা যেতে পারে। তারা বলেন, ভাষাতত্ত্বের বিচারে মানসম্পন্ন বাংলাই আমাদের এখানে দ্বিতীয় ভাষার সমতুল্য। প্রাথমিক স্তরে তাই শুদ্ধ বাংলা উচ্চারণ, লিখন-পঠন এবং সুন্দরভাবে উপস্থাপনের ওপর তারা গুরুত্ব আরোপ করেন।

তারা আরো বলেন, কোন উন্নত দেশেই প্রাথমিক স্তরে একটি বিদেশী ভাষাকে পাঠ্যসূচীতে অন্তর্ভুক্ত করা হয়নি। অভিজ্ঞতায় দেখা গেছে, একটি বিদেশী ভাষা শেখানোর জন্য দুই থেকে তিন বছর সময়ই যথেষ্ট। এই শেখানোর সফলতা প্রধানত পদ্ধতি ও দক্ষ শিক্ষকের ওপর নির্ভর করে। এই দু'টি ক্ষেত্রেই আমাদের প্রচন্ড দুর্বলতা রয়েছে বলে বক্তারা উল্লেখ করেন।

ডঃ কুদরাত-এ-খুদা শিক্ষা কমিশন রিপোর্টের উল্লেখ করে তারা বলেন, মাতৃভাষায় লিখন, পঠন ও হিসাব রক্ষণের ক্ষমতা অর্জন, তদুপরি ভবিষ্যৎ নাগরিক হিসেবে যেসব মৌলিক জ্ঞান ও কলা-কৌশলের প্রয়োজন হবে সেসবের সঙ্গে শিক্ষার্থীদের পরিচয় ঘটানোই প্রাথমিক শিক্ষার মূল উদ্দেশ্য হওয়া উচিত। খবর সংবাদ বিজ্ঞপ্তির।